



## উন্মুক্ত অন্টারিও

অন্টারিওর চাকরি এবং উন্নয়নের পরিকল্পনা



২০১০  
অন্টারিও  
বাজেট

উল্লেখযোগ্য অংশসমূহ



গ্রন প্রদত্ত অন্টারিওর ২০১০ বক্তব্য পাঁচ বছর মেয়াদী পরিকল্পনা স্থির করে যাতে উন্মুক্ত অন্টারিওর জন্য নতুন চাকরি ও অর্থনৈতিক উন্নয়ন নির্দেশিত হয়। ভবিষ্যতে মবাবুত অর্থনীতি গড়তে ২০১০ বাজেট নিম্নোক্ত উপায়সমূহ প্রস্তাব করছে:

- অন্টারিওর বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে নতুন ছাত্র-ছাত্রীদের সুযোগ
- উত্তর অঞ্চলের জন্য সহযোগিতা
- অবকাঠামো, অকুলষিত বিদ্যুৎশক্তি, শিশুদের পূর্ণদিবস শিক্ষালয়ে এবং শিশু সেবায় বিনিয়োগ
- জন সম্পত্তির দ্বয়িত্বশীল ব্যবস্থাপনা।

### শিক্ষার জন্য উন্মুক্ত অন্টারিও পরিকল্পনা

উন্মুক্ত অন্টারিও বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং ব্যবসায় বিনিয়োগ করে নতুন চাকরিতে সহয়তা করবে।

উদ্দেশ্য হচ্ছে উচ্চমাধ্যমিক শিক্ষার হার বৃদ্ধি করে শতকরা ৭০ ভাগ করা।

- কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ২০,০০০ নতুন ছাত্র-ছাত্রীদের স্থানের অর্থায়ন যা এই সেপ্টেম্বর শুরু হবে।
- প্রতিটি যোগ্য অন্টারিওবাসী যারা কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চান তারা স্থান পাবে।

### পূর্ণদিবস শিক্ষালয়ে


উন্মুক্ত অন্টারিওর মাধ্যমে অন্টারিও হবে উত্তর আমেরিকার প্রথম প্রদেশ যেখানে চার ও পাঁচ বছরের শিশুরা পূর্ণদিবস শিক্ষালয়ে থাকবে।

- এই সেপ্টেম্বর থেকে ৬০০ বিদ্যালয়ে ৩৫,০০০ পর্যন্ত শিশু পূর্ণদিবস শিক্ষা পাবে।

### শিশু সেবায় বিনিয়োগ

কেন্দ্রীয় সরকারের রেখে দেয়া ফাঁক পূরন করতে শিশু সেবায় প্রতি বছর ৬৩.৫ মিলিয়ন ডলার বিনিয়োগ করার অন্টারিও পদক্ষেপ নিচ্ছে এবং সাহায্য করছে:


- প্রায় ৮,৫০০ অন্টারিও শিশু থাকবে শিশু সেবায়
- ১,০০০ শিশু সেবা কর্মীগন তাদের চাকরি রাখছে।



## ২০১০ অন্টারিও বাজেট

টোল ফ্রি: ১ ৮০০ ৩৩৭ ৭২২২  
টিটওয়াই টোল ফ্রি: ১ ৮০০ ২৬৩ ৭৭৭৬

[www.ontario.ca/budget](http://www.ontario.ca/budget)



Bengali

[www.ontario.ca/budget](http://www.ontario.ca/budget)

### চাকরি এবং উন্নয়নের জন্য অন্টারিওর কর পরিকল্পনা

বহু বছর পর সরকার সবচে' এক তাৎপর্যপূর্ণ কর প্রবর্তন করলো যা কিনা চাকরি তৈরী এবং অন্টারিতে নতুন বিনিয়োগের দ্বার উন্মোচন করবে।

এ বছর অন্টারিও কর কর্তন করছে এবং সামাজ্যপূর্ণ বিক্রি কর (এইচএসটি) নিয়ে অগ্রসর হচ্ছে।

✓ দশ বছরের মধ্যে এগুলো ও অন্যান্য ব্যবস্থা মিলিয়ে প্রায় ৬০০,০০০ নতুন চাকুরি তৈরী করবে, ৪৭ বিলিয়ন ডলার ব্যবসায় বিনিয়োগ আকর্ষণ করবে এবং শতকরা ৮.৮ ভাগ আয় বৃদ্ধি পাবে।

✓ এইচএসটিতে অভ্যস্ত হতে অন্তর্ভুক্তিকালীন ব্যক্তির জন্য ৩০০ ডলার এবং পরিবারের জন্য ১,০০০ ডলার পর্যন্ত দেয়া হবে।

✓ আয়করদাতাদের আয়কর শতকরা ৯৩ ভাগ পর্যন্ত কর্তন করা হয়েছে।

[ontario.ca/taxchange](http://ontario.ca/taxchange)

### স্বল্পমেয়াদী অবকাঠামোতে বিনিয়োগ

পরবর্তি দু'বছরে রাস্তা, ব্রীজ, যাতায়ত ব্যবস্থা, বিদ্যালয়, হাসপাতাল এবং অন্যান্য অবকাঠামোতে পর্যাপ্ত বিনিয়োগ আমাদের সমাজে ৩০০,০০০-এর বেশী চাকরি তৈরী ও সংরক্ষন করবে।

[ontario.ca/infrastructure](http://ontario.ca/infrastructure)



### পরিবেশ বান্ধব অর্থনীতিতে চাকুরি

দি গ্রীন এনার্জি এক্ট, ২০০৯ পরবর্তি তিন বছরে ৫০,০০০ নতুন চাকুরি তৈরীতে সহায়ক হবে।

উন্মুক্ত অন্টারিও-এর প্রস্তাবিত নতুন জল স্ট্র্যাটিজি অন্টারিওর জল সম্পদকে রক্ষা এবং চাকুরি বৃদ্ধি করবে।



### উন্মুক্ত অন্টারিও উত্তরাঞ্চলিক স্ট্র্যাটিজি

আমরা পরবর্তি তিন বছর প্রতি বছর প্রায় ১৫০ মিলিয়ন ডলার বিনিয়োগ করছি যা কিনা:

- ✓ বড় বানিজ্যিক ব্যবহারকারীদের বিদ্যুতের মূল্য শতকরা প্রায় ২৫ ভাগ কমাতে
- ✓ চাকরি সংরক্ষণ ও তৈরিতে সহায়ক হবে।



আমরা পরবর্তি তিন বছরে ৪৫ মিলিয়ন ডলার বিনিয়োগ করছি যাতে থাকছে এবোরিজিন্যালদের সহায়তার জন্য এক নতুন দক্ষতা প্রশিক্ষণ কর্মসূচী এবং রিং অব ফায়ার অঞ্চলের চাকরি থেকে উত্তরাঞ্চলীয় অন্টারিওবাসীদের উপকার।

- ✓ এলাকাটির অর্থনৈতিক সম্ভাবনাকে এগিয়ে নিতে একজন রিং অব ফায়ার সমন্বয়কারী আমাদের সামগ্রীক প্রচেষ্টার নেতৃত্ব দিবেন।

বিদ্যুতের উচ্চ মূল্য লাঘবে আমরা উত্তরাঞ্চলীয় অন্টারিও শক্তি ক্রেডিট প্রবর্তন করছি যাতে থাকছে বাৎসরিক ব্যক্তির জন্য ১৩০ এবং পরিবারের জন্য ২০০ ডলার পর্যন্ত।

প্রদেশব্যাপী প্রাপ্য বিক্রি এবং সম্পদ কর ক্রেডিটের উপরি হিসেবে এই ক্রেডিট পাওয়া যাবে।



### দায়িত্ব ব্যবস্থাপনা

#### অর্থনৈতিক পরিকল্পনা

সরকার পাঁচ বছরের মধ্যে অর্ধেক ঘাটতি কর্তন এবং আট বছরের মধ্যে তা সম্পূর্ণ দূর করবে।

আভ্যন্তরিন পরিচালনা খরচ ২০১০-১১ পর্যায়ে বা তার নিচে স্থিতি রাখা হবে।

### বেতন-ভাতাদী

খরচের চাপ ব্যবস্থাপনার জন্য এবং বিদ্যালয় ও হাসপাতালসমূহের মত জনসেবা চালিয়ে যেতে ২০১১-১২ সালের মধ্যে ৭৫০ মিলিয়ন ডলার পর্যন্ত অন্যান্যদিকে প্রবাহক সহায়ক করতে:

- ✓ এমপিপিগণ তাদের ভাতা তিন বছর স্থিতি রাখবে যা বর্তমান দু'বছর ব্যাপী স্থিতির পরিবর্তন
- ✓ সামগ্রীক জন বিভাগ এবং অন্টারিও জন সেবা-এর সকল চাকরিজীবী যাদের কোন দরকষাকষির সুযোগ নেই তাদের বিতন-ভাতাদী দু'বছরের জন্য স্থিতি করা হবে
- ✓ বর্তমান বিভাগীয় চুক্তিসমূহের সম্মান করা হবে
- ✓ সকল বিভাগীয় চুক্তিসমূহের পুনর্বিবেচনার অংশ হিসেবে সরকার কর্ম অংশীদার এবং দরকষাকষি এজেন্টদের সাথে কাজ করবে যাতে করে কমপক্ষে দু'বছর মেয়াদী চুক্তির চেষ্টা হয়
- ✓ অর্থনৈতিক পরিকল্পনায় ভবিষ্যতে কোন বিভাগীয় চুক্তিতে ক্রমবর্ধমান বেতন-ভাতাদী বৃদ্ধিতে অর্থ যোগান দিবে না।